

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৯৩.০৯৩.২০১৭- ৮৪২

তারিখঃ ৩১/০৫/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ নবসৃষ্ট কর্ণফুলী উপজেলা পরিষদের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অস্থায়ী কার্যালয় হিসেবে বাসা ভাড়া অনুমতি।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী এর স্মারক নং-২১০, তারিখ-২১/০৫/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, নবসৃষ্ট কর্ণফুলী উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিজস্ব ভবন/বিকল্প কার্যালয় না হওয়া অবধি স্থানীয় শিকলবাহা ফ্রসিং এর রিভারভিউ কমিউনিটি সেন্টারের ৫০০০ ব. ফু. (পাঁচ হাজার বর্গফুট) জায়গা প্রতি বর্গ ফুট ৮/- (আট) টাকা হিসেবে মাসিক সর্বমোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ভাড়ায় (চুক্তিপত্র সম্পাদনসাপেক্ষে) গ্রহণ ও ভাড়ার নির্ধারিত অর্থ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। বর্ষিত ভাড়া বাসার বিদ্যুৎ ও পানির বিলের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ অনুযায়ী পরিশোধযোগ্য।


(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলি, চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। চেয়ারম্যান, কর্ণফুলি উপজেলা পরিষদ, চট্টগ্রাম।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), কর্ণফুলি উপজেলা পরিষদ, চট্টগ্রাম।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।